

2025

3rd Semester Examination (CCFUP : NEP)

BENGALI

Paper : MI 3-T (Minor)

[প্রাচীন ও মধ্যযুগের পদপাঠ]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ১। চর্যাপদ কী নামে কোথা থেকে প্রকাশিত হয়? ১+১
- ২। 'দু আন্তে চিখিল মাঝে ন থাহী' — পদকর্তার নাম কী? 'চিখিল' শব্দটির গূঢ়ার্থ কী? ১+১
- ৩। 'ধমণ চমণ বেণি পিণ্ডি বইঠা' — 'ধমণ' ও 'চমণ' শব্দ দুটির অর্থ লেখো। ১+১
- ৪। বিদ্যাপতি কোন্ সময়ের কবি? তিনি কোন্ ভাষায় পদ রচনা করেছেন? ১+১
- ৫। 'রূপ লাগি আঁখি বুঝে' — কোন্ পর্যায়ের পদ? 'আঁখি বুঝে' শব্দটির অর্থ লেখো। ১+১

P.T.O.

৬। 'কুলিশ শত শত পাত-মোদিত
ফাটি যাওত ছাতিয়া।।'

— পদকর্তার নাম কী? 'কুলিশ' শব্দটির অর্থ লেখো। ১+১

৭। 'মা আমায় ঘুরাবে কত ...' — পদটির রচয়িতা কে? এটি কোন্
পর্যায়ের পদ? ১+১

৮। 'ভবের গাছে বেঁধে দিয়ে মা পাক দিতেছ অবিরত' — পদটির
রচয়িতা কে? 'ভবের গাছ' কী? ১+১

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। 'কা আ তরুণের পঞ্চ বি ডাল' — পদটির গূঢ়ার্থ সংক্ষেপে
বিশ্লেষণ করো। ৫

১০। চর্যার চনং পদটির গূঢ়ার্থ সংক্ষেপে ব্যাখ্যা করো। ৫

১১। 'এ সখি হামারি দুখের নাহি ওর' — পদটিতে রাখার যে গভীর
হৃদয়বেদনা ব্যক্ত হয়েছে, তা তোমার নিজের ভাষায় লেখো। ৫

১২। অভিসার বলতে কী বোঝো? তোমাদের পাঠ্য অভিসার পর্যায়ের
পদ অবলম্বনে রাখার অভিসার যাত্রার প্রস্তুতির সংক্ষিপ্ত বর্ণনা
দাও। ২+৩

১৩। 'ওহে গিরিরাজ, গৌরী অভিমান করেছে।' — কোন্ পর্যায়ের
পদ? পদটিতে মাতৃহৃদয়ের যে বেদনা ও ব্যাকুলতার ছবি ধরা
পড়েছে তা সংক্ষেপে ব্যক্ত করো। ১+৪

- ১৪। 'কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হল।' — পদটি
অবলম্বনে কবির উপলব্ধি সংক্ষেপে তুলে ধরো। ৫

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 3 = 30$

- ১৫। 'নগর বাহিরে ডোম্বি তোহারি কুড়িআ' — কার লেখা? পদটিতে
অন্ত্যজ শ্রেণির মানুষের জীবনযাত্রার আধারে গুঢ় সাধনতত্ত্বের
প্রসঙ্গ যেভাবে উঠে এসেছে তা তোমার নিজের ভাষায় লেখো।
১+৯
- ১৬। পূর্বরাগের সংজ্ঞা দাও। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির নাম কী?
তোমাদের পাঠ্য পূর্বরাগের পদ অবলম্বনে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ
ব্যাখ্যা করো। ৩+১+৬
- ১৭। 'রূপ লাগি আঁখি বুঝে' — পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
১০
- ১৮। সাধক কবি রামপ্রসাদের কবিকৃতিত্ব আলোচনা করো। ১০
- ১৯। শাক্ত পদাবলীতে বাঙালির পারিবারিক ও গার্হস্থ্য জীবনের যে
চিত্র উঠে এসেছে তা তোমাদের পাঠ্যপদ অবলম্বনে আলোচনা
করো। ১০